BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৪/৮৯ তারিখঃ ১২/০৩/২০২৪

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ বন্ড সুবিধায় (IM-7) আমদানিকৃত পণ্যের আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ(ক) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.৩৩.০০১.২২(অংশ-৩)/৮১, তারিখ: ১১/০৩/২০২৪।
(খ) বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২৩/২০১, তারিখ: ২৪/০৮/২০২৩।
(গ) বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২২/২৪১, তারিখ: ১৮/১০/২০২২।
(ঘ) বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২২/১৮৩, তারিখ: ২৩/০৮/২০২২।
(ঙ) বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২২/১৭৭, তারিখ: ১৭/০৮/২০২২।

আপনারা সকলে অবগত আছেন যে, ২০২২ সালের আগষ্ট মাস হতে বন্ড সুবিধায় (IM-7) আমদানিকৃত পণ্য খালাসের নিমিত্তে আমদানিকারক প্রতিষ্ঠানের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের কার্যক্রম চলমান রয়েছে।

ইত:পূর্বে আপনাদেরকে বিজিএমইএ হতে সূত্রোক্ত 'খ - ঙ' জারীকৃত সার্কুলারসমূহের মাধ্যমে সিএন্ডএফ এজেন্টের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের নিমিত্তে অবগত করা হয়েছে। উল্লেখ্য, জাতীয় রাজস্ব বোর্ড হতে নথি নং ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৬৩২, তারিখ ২৩.০৮.২০২৩ জারীর মাধ্যমে গত ১৫.০৯.২০২৩ইং তারিখের মধ্যে কার্যক্রমটি সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু তারপরও প্রতিষ্ঠানসমূহের অনুরোধের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড উক্ত কার্যক্রমের জন্য সুযোগ প্রদান করেছে।

ট্রেড ফ্যাসিলিটেশনের স্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সূত্রোক্ত 'ক' নথির মাধ্যমে সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের বিষয়টির সময়সীমা **আগামী ৩১.০৩.২০২৪ইং পর্যন্ত বর্ধিত করেছে এবং উক্ত তারিখের পর অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে নতুন বন্ড লাইসেন্স ব্যতীত অন্য কোন IM-7 সংশ্লিষ্ট আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্ট সংযুক্তকরণের কার্যক্রম চূড়ান্তভাবে বন্ধ করে দেয়া হবে। তবে সংশ্লিষ্ট কাস্টমস বন্ড কমিশনারেটে আবেদনপূর্বক সিএন্ডএফ এজেন্ট পরিবর্তন করতে পারবেন।**

যে সকল প্রতিষ্ঠানসমূহ এখনো পর্যন্ত মনোনীত সিএন্ডএফ এজেন্টের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্ত করেননি তাদেরকে উল্লেখিত সময়ের মধ্যে কার্যক্রমটি সম্পাদনের জন্য বিষেশভাবে অনুরোধ করা হলো। অন্যথায় আমদানি পণ্য খালাসে জটিলতার সম্মুখীন হবেন।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত 'ক' নথিটি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

১২/৩/২০২৪

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

Shahinur-customs



BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

**অতীব জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা।

[কাস্টমসঃ অটোমেশন শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.৩৩.০০১.২২ (অংশ-৩)/৮১ তারিখ: ১১.০৩.২০২৪ খ্রি.

বিষয়: আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণের নির্দেশনা (IM-7)।

সূত্র:
১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০/৫০৩, তারিখ: ২০.১১.২০২২ খ্রি.;
২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৯১.৫১.০০১.১৯/৫২৪, তারিখ: ১৫.০১.২০২৩ খ্রি.;
৩। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৫৩৯, তারিখ: ৩০.০১.২০২৩ খ্রি.;
৪। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৫৬৯, তারিখ: ০৩.০৪.২০২৩ খ্রি.;
৫। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৬৩২; তারিখ: ২৩.০৮.২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে বিল অব এন্ট্রি ঘোষণা প্রদানকারী সিএন্ডএফ এজেন্টের কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং, কোন ক্ষেত্রে অনিয়ম সংঘটিত হলে দায়ী ব্যক্তিদের সহজে চিহ্নিতকরণ এবং রাজস্ব ফাঁকি রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের অংশ হিসেবে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে প্রত্যেক আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্ট সুনির্দিষ্টকরণের কার্যক্রম বিগত ০৩.০৮.২০২২ খ্রি. তারিখ হতে শুরু হয়েছে। এর ফলে জালিয়াতির মাধ্যমে পণ্য খালাসের বিষয়টি সহজেই চিহ্নিত করা সম্ভব হচ্ছে এবং সর্বোপরি শুল্কায়ন কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়েছে।

২। আমদানিকারকের বিপরীতে সিএন্ডএফ এজেন্ট সুনির্দিষ্টকরণের কার্যক্রমের সময়সীমা সুত্রোক্ত ৫ নং পত্রের মাধ্যমে বিগত ১৫.০৯.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলেও ট্রেড ফ্যাসিলিটেশনের স্বার্থে উক্ত সময়ের পরেও কাস্টমস স্টেশনসমূহের অনুরোধের পরিপ্রেক্ষিতে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সিএন্ডএফ এজেন্ট সুনির্দিষ্টকরণের কার্যক্রম চলমান রাখা হয়েছিল। এমতাবস্থায়, সিএন্ডএফ এজেন্টের কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং, কোন ক্ষেত্রে অনিয়ম সংঘটিত হলে দায়ী ব্যক্তিদের সহজে চিহ্নিতকরণ এবং রাজস্ব ফাঁকি রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের অংশ হিসেবে IM-7 অর্থাৎ বন্ডেড ওয়্যারহাউস সুবিধায় আমদানিকৃত পণ্যের আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের বিষয়টির সময়সীমা আগামী ৩১.০৩.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো। অর্থাৎ **৩১.০৩.২০২৪ খ্রি. তারিখের পর অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে নতুন বন্ড লাইসেন্স ব্যতীত অন্য কোন IM-7 সংশ্লিষ্ট আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্ট সংযুক্তকরণের কার্যক্রম চূড়ান্তভাবে বন্ধ করে দেয়া হবে।** তবে পূর্বে যেসব প্রতিষ্ঠানের বিপরীতে সিএন্ডএফ সংযুক্ত করা হয়েছে, তারা চাইলে পরবর্তীতে সংশ্লিষ্ট কাস্টমস বন্ড কমিশনারেটে আবেদনপূর্বক সিএন্ডএফ এজেন্ট পরিবর্তন করতে পারবেন। এছাড়াও নতুন বন্ড লাইসেন্সপ্রাপ্ত আমদানিকারকগণ সিএন্ডএফ এজেন্ট সুনির্দিষ্টকরণের আবেদন প্রেরণ করতে পারবেন। বিবেচ্য ক্ষেত্রে, দায়িত্বপ্রাপ্ত অপারেশন ম্যানেজার কর্তৃক অনুমোদন সাপেক্ষে কাস্টমস স্টেশনের দায়িত্বপ্রাপ্ত আইটি কর্মকর্তাগণ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সিএন্ডএফ এজেন্ট সংযুক্তকরণের কার্যক্রম গ্রহণ করবেন। এছাড়া, এই আদেশ জারির পর সিএন্ডএফ এজেন্ট সংযুক্তকরণের কার্যক্রম জাতীয় রাজস্ব বোর্ডের পরিবর্তে সংশ্লিষ্ট দপ্তর হতে সম্পন্ন করা হবে।

০৩। এমতাবস্থায়, IM-7 এর অধীনে খালাস করা হয় এমন প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে তাদের মনোনীত সিএন্ডএফ প্রতিষ্ঠান সংযুক্তকরণের বিষয়টি নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।

১১/০৫/২০২৪

[মোঃ আবদুল কাইয়ুম]
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ অটোমেশন)
ই-মেইল-ss.asycuda@gmail.com

প্রাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ);
২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর);
৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম;
৪-১৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/পূর্ব/পশ্চিম/দক্ষিণ)/সিলেট/কুমিল্লা/রাজশাহী/রংপুর/যশোর/খুলনা/চট্টগ্রাম;
১৫-২০। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/ মোংলা/পানগাঁও।

সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের অবহিত করার অনুরোধসহ।

অনুলিপি:

১। জনাব মোঃ জাহিদুর রহমান, সিনিয়র সিস্টেম অ্যানালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড;
২। জনাব গোলাম ছারোয়ার, প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড (নির্ধারিত সময়ে নিষ্ক্রিয়করণের কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হলো);
৩। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪। পিএ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।